

আর-রুম | Ar-Rum | الرُّوم

আয়াতঃ ৩০ : ২৬

আরবি মূল আয়াত:

وَلَهُ مَنْ فِي السَّمٰوٰتِ وَ الْاَرْضِ ۚ كُلُّ لَّهُ قٰنِتُوْنَ ﴿٢٦﴾

অনুবাদসমূহ:

আর আসমানসমূহ ও যমীনে যা কিছু আছে সব তাঁরই। সব কিছুই তাঁর অনুগত। — আল-বায়ান

আকাশমন্ডলী ও পৃথিবীতে যা আছে সব তাঁরই, সকলই তাঁর প্রতি অনুগত। — তাইসিরুল

আকাশমন্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে তা তাঁরই। সবাই তাঁর আজ্ঞাবহ। — মুজিবুর রহমান

And to Him belongs whoever is in the heavens and earth. All are to Him devoutly obedient. — Sahih International

২৬. আর আসমানসমূহ ও যমীনে যা কিছু আছে তা তারই। সবকিছু তারই অনুগত।(১)

(১) এ আনুগত্য কারও পক্ষ থেকে ঐচ্ছিক, আবার কারও পক্ষ থেকে তাদের ইচ্ছার বাইরে। ঈমানদারগণ ইচ্ছাকৃতভাবে আল্লাহর আনুগত্য করে, পক্ষান্তরে কাফিররা ইচ্ছাকৃতভাবে তাঁর আনুগত্য করে না। কিন্তু তারা কখনো তাঁর ফয়সালাকে লঙ্ঘন করতে পারে না। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(২৬) আকাশমন্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে তা তাঁরই; সকলেই তাঁর আজ্ঞাবহ।[1]

[1] অর্থাৎ, আল্লাহর সৃষ্টিগত আদেশের সামনে সবকিছু ক্ষমতাহীন ও নিরুপায়। যেমন জীবন-মৃত্যু, সুস্থতা-অসুস্থতা, সম্মান-অসম্মান ইত্যাদি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3435>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন